**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Dr. Manmohan Singh:**

প্রাক্তন প্রধানমন্ত্রী ডাঃ মনমোহন সিংয়ের শেষ যাত্রা আজ সকাল সাড়ে ন'টায় নতুনদিল্লিতে কংগ্রেস সদর দপ্তর থেকে শুরু হবে। সামাজিক মাধ্যমে কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি বেনুগোপাল বলেছেন প্রাক্তন প্রধানমন্ত্রীর মরদেহ তাঁর বাসভবনে থেকে আজ কংগ্রেস সদর দপ্তরে নিয়ে যাওয়া হবে।

এদিকে, গতকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংকে নতুন দিল্লিতে তাঁর বাসভবনে গিয়ে শ্রদ্ধা জানিয়েছেন। একটি ভিডিও বার্তায়, প্রধানমন্ত্রী বলেন, প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের মৃত্যুতে দেশ গভীরভাবে শোকাহত। কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, জেপি নাড্ডা, রাজনাথ সিং, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং প্রাক্তন কংগ্রেস সভাপতি সোনিয়া গান্ধী, লোকসভার বিরোধীদল নেতা রাহুল গান্ধী, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে সহ অন্যান্য নেতারাও প্রাক্তন প্রধানমন্ত্রীর বাসভবনে গিয়ে তাঁকে শ্রদ্ধা জানান। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দওতাঁকে শ্রদ্ধা জানান।

*************************

**Visit of Central Minister:**

কেন্দ্রীয় খাদ্য, গনবন্টন, ভোক্তা বিষয়ক, এবং নবীন ও পুনর্নবীকরন শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী আজ দু'দিনের রাজ্য সফরে আগরতলায় আসবেন। তিনি আজ বিকালে নন্দননগরে

ভারতীয় খাদ্য নিগমের কার্যালয় পরিদর্শনে যাবেন। এরপর রাজ্য সরকারের খাদ্যগুদামও তাঁর পরিদর্শনের কথা রয়েছে। সন্ধ্যায় মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। আগামীকাল কেন্দ্রীয় মন্ত্রী শ্রী যোশীর ত্রিপুরা পুণর্নবীকরন শক্তি উন্নয়ন সংস্থা ট্রেডার কার্যসূচী পরিদর্শনে চড়িলামে গিয়ে স্থানীয় লোকজনদের সঙ্গে মতবিনিয়ম করবেন।

************************

**CM Dr. Manik Saha:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকালে কৃষ্ণনগর নাইন বুলেটস ক্লাবে রক্তদান শিবিরে উপস্থিত থাকবেন। মুখ্যমন্ত্রী বিকালে নাগেরজলায় বাঁশবাজারে শীতবস্ত্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকার কথা রয়েছে। পরে তিনি টিসিএস অফিসারস অ্যাসোসিয়েশনের উদ্যোগে দশমীঘাট মুক্ত মঞ্চে শীতবস্ত্র দান অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তথ্য সংস্কৃতি দপ্তর সুত্রে এই খবর জানা গেছে।

************************

**Sushasan week :**

"প্রশাসন গাঁও কি অউর" অভিযান বিষয়ে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার কিশোর আম্বুলি, জেলাশাসক ডাঃ বিশাল কুমার সহ জেলা প্রশাসনের আধিকারিকরা। জেলা শাসক শ্রী কুমার জানান, প্রশাসন প্রত্যেকের জন্য সুশাসন নিশ্চিত করার অঙ্গীকারে কাজ করে চলেছে। তিনি বলেন ইতিমধ্যে জেলার বিভিন্ন এলাকায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়েছে।

************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। । অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে।। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

***********************

**Brishketu Debbarma:**

রাজ্যমন্ত্রী বৃষকেতু দেববর্মার নেতৃত্বে প্রশাসনের একটি দল গতকাল হেজামারা ব্লক এলাকার রমেশচন্দ্র পাড়ার মানুষের সমস্যা ঘুরে দেখেছেন। প্রশাসনের দলে ছিলেন এডিসির নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজাম্রা হেজামারা ব্লকের বিডিও, পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের এসডিও, বিদ্যুৎ নিগমের সিনিয়র ম্যানেজার প্রমুখ। পশ্চিম জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে, রমেশচন্দ্র পাড়ায় রাস্তা, পানীয় জল এবং বিদ্যুতের সমস্যা দূর করতে ব্যবস্থা নেওয়া হবে।

***********************

**Tourism Minister:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে গতকাল জিরানীয়া মহকুমা শাসকের কার্যালয়ে জিরানিয়ার শচিন্দ্র নগর কলোনিতে পর্যটন দপ্তরের উদ্যোগে ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সহায়তায় অত্যাধুনিক বিশ্বমানের একটি বিনোদনমূলক পার্ক

নির্মাণের অগ্রগতি নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ত্রী শ্রী চৌধুরী জানান, পার্কটি একটি প্রধান আকর্ষণ হিসাবে কাজ করবে । এই পার্কটি নির্মাণে ব্যয় হবে মোট ৫০কোটি টাকা।

***********************

**Detain of 5 Bangladeshi from rail station:**

গতকাল আগরতলা রেল ষ্টেশনে পুলিশ, বিএসএফে ও আরপিএফের যৌথ অভিযানে বেআইনি অনুপ্রবেশকারী তিন মহিলা সহ পাঁচ বাংলাদেশি নাগরিককে আটক হয়েছেন। তাদের সঙ্গে দুই ভারতীয় দালালকেও আটক করা হয় বলে জানিয়েছেন আগরতলা জিআরপি থানার ওসি তাপস দাস।

***********************

**Sreeparna Bronze:**

গুজরাটের সুরাটে জাতীয় সাব-জুনিয়র জিমন্যাস্টিক্স প্রতিযোগিতায় রাজ্যের শ্রীপর্ণা দে ব্যাক্তিগত অলরাউন্ড বিভাগে ব্রোঞ্জ পদক দখল করেছে। আসরে প্রথম দুটি পদক যায় বাংলার দখলে। গতরাতে অনুষ্ঠিত লড়াইয়ে রাজ্যদল দলগত বিভাগে চতুর্থ স্থান পায়। রাজ্য সংস্থার সচিব দ্রোণাচার্য বিশ্বেশ্বর নন্দী এখবর জানান।

***********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ  সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি। আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

***********************

***********************